

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সদর ইউনিট থানা
১১/১ শের-ই-বাংলা রোড, খুলনা



স্মারক নং- ৩৪.০১.৪৭৫১.০০০.৩৮.০০৪.১৩(অংশ-১)- ৩৪

তারিখঃ ০৫/১০/২০২৬খ্রিঃ

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশের বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর ইউনিট থানা, খুলনা কর্তৃক আয়োজিত আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতাধীন অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ০৭(সাত) দিন মেয়াদী (১৩/১০/২০২৬ হতে ১৯/১০/২০২৬ তারিখ পর্যন্ত ১ম ব্যাচ) “ চাইনিচ এন্ড কনফেকশনারী” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি জন্য সদর ইউনিট থানাধীন ১৮-৩৫ বছর বয়সের কর্ম প্রত্যাশী যুবক ও যুব মহিলাদের নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কেন্দ্রঃ অগ্রগামী যুব সংস্থা, মতিয়াখালী, খুলনা।

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	আবেদন জমার শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ	ভর্তির ও প্রশিক্ষণ শুরুর তারিখ
চাইনিচ এন্ড কনফেকশনারী	৮ম শ্রেণী	৩০জন	০৭ দিন	১১/১০/২০২৬	১২/১০/২০২৬ বিকাল- ৩.০০টা	১৩/১০/২০২৬

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

- ০১। আগ্রহী প্রার্থীগণ অনলাইনে <https://ytms.gov.bd> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- ০২। আবেদনের সাথে - ক) শিক্ষাগত যোগ্যতার ও বয়স প্রমানের প্রত্যায়নপত্রের সত্যায়িত কপি, খ) জাতীয় পরিচয়পত্র(NID) সনদ পত্র, গ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার নাগরিক সনদপত্র ঘ) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি জমা দিতে হবে।
- ০৩। ১১/১০/২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর সীমার মধ্যে হতে হবে।
- ০৪। স্বাক্ষরের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে বিকাল ৩.০০ টায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি.এ দেয়া হবে না।
- ০৫। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৬। আবেদনপত্র দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৭। চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণার্থীদের বিকাশ একাউন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বিকাশ একাউন্ট থাকতে হবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

- ০১। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ০২। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ০৩। প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- ০৪। স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ০৫। প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।
- ০৬। ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

(সেখ মাহবুবুর রহমান)
থানা যুব উন্নয়ন কর্মকর্তা
সদর ইউনিট থানা, খুলনা।
ফোন-০২৪৭৭৭২৯৭১৩

স্মারক নং- ৩৪.০১.৪৭৫১.০০০.৩৮.০০৪.২০১৩(অংশ-১)- ৩৪

তারিখঃ ০৫/১০/২০২৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
- ০২। বিভিন্ন অফিস ও সংস্থার নোটিশ বোর্ড।
- ০৩। অফিস কপি।

(সেখ মাহবুবুর রহমান)
থানা যুব উন্নয়ন কর্মকর্তা
সদর ইউনিট থানা, খুলনা।